গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.২৪০ তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫
২৬ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: **২০১৯ সালের হজযাত্রী নিবন্ধন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭.১৩ সংখ্যক পত্রের সাথে প্রেরিত হজযাত্রী নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

২৬-২-২০১৯
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
১৬) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
১৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
২০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্রগ্রাম।
২১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
২৩) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.২৪০/১(২)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫
২৬ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সহকারী সচিব, হজ-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬-২-২০১৯
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১১.১৭-২২৫

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৫ / ১৩ ফেব্রুয়ারি ২০১৯

## ২০১৯ সালের হজযাত্রী নিবন্ধন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০১৯ খ্রি. সনে হজে গমনের জন্য প্রাক-নিবন্ধনকারী সম্মানিত ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত সময়সূচি নির্ধারণ করা হয়েছে। বর্ণিত সময়ের মধ্যে নির্ধারিত ক্রমিকের মধ্যে উল্লিখিত প্রাক-নিবন্ধিত কোন ব্যক্তি নিবন্ধন সম্পন্ন না করলে তাঁর পরিবর্তে জাতীয় হজ ও ওমরাহ নীতি (সংশোধিত) ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৩.১.৮ অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ক্রমিকের প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের নিবন্ধনের জন্য আহ্বান জানানো হবে।

### সময়সূচি

| ব্যবস্থাপনা | নিবন্ধন শুরুর তারিখ | নিবন্ধনের শেষ তারিখ | নিবন্ধনের জন্য সর্বশেষ প্রাক-নিবন্ধনের ক্রমিক নম্বর |
|---|---|---|---|
| সরকারি ব্যবস্থাপনা | ১৪ ফেব্রুয়ারি ২০১৯ | ০৫ মার্চ ২০১৯ | ২২,৭৬৪ |
| বেসরকারি ব্যবস্থাপনা | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১০ মার্চ ২০১৯ | ৪,৭৯,৮১৫ |

### ০২। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য নিবন্ধনের নিমিত্ত অনুসরনীয় বিষয়াদি

(ক) হজযাত্রী নিবন্ধনের জন্য MRP Passport থাকতে হবে। পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে পরবর্তী ৬ মাস অর্থাৎ ২০২০ সালের ১০ ফেব্রুয়ারি পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীর দাখিলকৃত পাসপোর্টের সঠিকতা অনলাইনে যাচাই করা হবে।

(খ) প্রাক-নিবন্ধনের সময় গৃহীত ৩০,০০০.০০ টাকার মধ্যে জমাকৃত ২৮,০০০.০০ (আটাশ হাজার) টাকা সমন্বয় করে ২০১৯ সনের প্যাকেজ-১ এর হজযাত্রীকে অবশিষ্ট (৪,১৮,৫০০.০০-২৮,০০০.০০)= ৩,৯০,৫০০.০০ টাকা এবং প্যাকেজ-২ এর হজযাত্রীকে (৩,৪৪,০০০.০০-২৮,০০০.০০) = ৩,১৬,০০০.০০ টাকা সোনালী ব্যাংক লি., স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Hajj Deposit) এ জমা প্রদান করতে হবে।

(গ) হজযাত্রীগণ মাহরামসহ একই সঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ফরম পূরণ করে ইউনিয়ন পরিষদের ইউডিসি, স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, হজ অফিস, আশকোনা বিমানবন্দর, ঢাকার মাধ্যমে নিবন্ধন ভাউচার তৈরি করতে পারবেন। যদি কেউ আলাদা ফ্লাইটে সফর করতে চান তাহলে অবশ্যই আলাদাভাবে নিবন্ধন করবেন।

(ঘ) যিনি দুই বা তদূর্ধ্ব বার হজ করেছেন অথবা হজ ভিসা প্রাপ্ত হয়েছিলেন কিন্তু হজে গমন করেননি তাঁদের মধ্যে যারা ২০১৯ সনে পুনরায় হজ করবেন তাদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক আরোপিত ভ্যাটসহ অতিরিক্ত চার্জ সৌদি রিয়াল ২,১০০ (দুই হাজার একশত) সমপরিমাণ ৪৭,২৫০.০০ (সাতচল্লিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকাও একই ব্যাংক একাউন্টে জমা দিতে হবে।

(ঙ) হজযাত্রীকে কুরবানী বাবদ ৫২৫ সৌদি রিয়াল সমপরিমান ১১,৮১২.০০ টাকা পৃথকভাবে সঙ্গে নিতে হবে।

(চ) সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক-নিবন্ধন বাতিল করতে চান, তাঁকে ব্যাংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে, প্রাক-নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার মধ্য হতে প্রাক-নিবন্ধন ফি ২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রসেসিং ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,০০০.০০ (পচিশ হাজার) টাকা ফেরত প্রদান করা হবে।

(ছ) নিবন্ধনের পর কোন হজযাত্রী কোন কারণে হজে যেতে না পারলে শুধু বিমান ভাড়া এবং খাবারের বাবদ গৃহীত টাকা ফেরৎ প্রদান করা হবে।

(জ) এছাড়াও নিবন্ধনের পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ সংক্রান্ত বিষয়ে কোন চার্জ আরোপিত হলে তা যথাসময়ে হজযাত্রীকে অবহিত করা হবে এবং পরবর্তী নির্দেশনানুযায়ী পরিশোধ করতে হবে।

(ঝ) প্রাথমিকভাবে প্রাক-নিবন্ধনের নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তারা ২০১৯ খ্রি. সনের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবেন এবং নির্ধারিত কোটা পূরণের জন্য তাদের পরিবর্তে প্রাক-নিবন্ধিত পরবর্তী ব্যক্তিকে নিবন্ধনের জন্য আহ্বান জানানো হবে।

(ঞ) বাস্তবতার আলোকে নিবন্ধন সংক্রান্ত কোন নিয়মের পরিবর্তন হলে সেটি যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।

০৩। **বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য নিবন্ধনের নিমিত্ত অনুসরণীয় বিষয়াদি**

(ক) হজযাত্রী নিবন্ধনের জন্য MRP Passport থাকতে হবে। পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে পরবর্তী ৬ মাস অর্থাৎ ২০২০ সালের ১০ ফেব্রুয়ারি পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীর দাখিলকৃত পাসপোর্টের সঠিকতা অনলাইনে যাচাই করা হবে।

(খ) বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের নিবন্ধনের জন্য প্রকাশিত প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের নিবন্ধনের জন্য ঘোষিত হজ প্যাকেজ অনুযায়ী ন্যূনতম ৩,৪৪,০০০.০০ টাকার মধ্য থেকে প্রাক-নিবন্ধনকালীন গৃহীত ৩০,৭৫২.০০ টাকার মধ্যে প্রাক-নিবন্ধন ফি বাবদ ২০০০.০০ হাজার টাকা সমন্বয়পূর্বক অবশিষ্ট (৩০,৭৫২.০০-২,০০০.০০)=২৮,৭৫২.০০ টাকা ন্যূনতম প্যাকেজ মূল্যের সঙ্গে সমন্বয় করে হজযাত্রীর নিকট থেকে অবশিষ্ট টাকা গ্রহণ করা হবে।

(গ) প্রাক-নিবন্ধনের সময় জমাকৃত ৩০,৭৫২.০০ টাকার মধ্যে জমজম পানি, ১% অতিরিক্ত বাড়ি, স্থানীয় সার্ভিস চার্জ, হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড), প্রশিক্ষণ ফি, মেডিকেল সেন্টার ভাড়া এবং প্রাক-নিবন্ধন ফি বাবদ সর্বমোট (২৫৯.৮৭+৮৫৫.০০+৮০০.০০+২০০.০০+৩০০.০০+১০০.০০+২০০০.০০)=৪,৫১৪.৮৭ (চার হাজার পাচশত চৌদ্দ টাকা সাতাশি পয়সা) টাকা বা ৪,৫১৫.০০ (চার হাজার পাচশত পনের) টাকা কর্তন করে অবশিষ্ট (৩০,৭৫২.০০-৪,৫১৫.০০)= ২৬,২৩৭.০০ (ছাব্বিশ হাজার দুইশত সাইত্রিশ) টাকা (জনপ্রতি) সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি IBAN এর মাধ্যমে পরিশোধের নিমিত্ত নিবন্ধনকারী হজ এজেন্সির বিপরীতে সংশ্লিষ্ট হজ এজেন্সির সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে।

(ঘ) **হজযাত্রী নিবন্ধনের সময় বিমান ভাড়া বাবদ ১,২৮,০০০.০০ টাকা এবং সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি (৪০,৮৮২.৫০-২৬,২৩৭.০০)= ১৪,৬৪৫.৫০ টাকাসহ মোট ১,৪২,৬৪৫.৫০ টাকা জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।** সংশ্লিষ্ট এজেন্সি এ টাকা বিমান ভাড়া খাতে পে-অর্ডারের মাধ্যমে সংশ্লিষ্ট এয়ারলাইন্স বরাবর পরিশোধ করা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/খাতে এবং সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি ১৮১৭ সৌদি রিয়াল সমপরিমান ৪০,৮৮২.৫০ টাকা IBAN এর মাধ্যমে পরিশোধ ব্যতীত অন্যভাবে উত্তোলন করা যাবে না।

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত/ঘোষিত প্যাকেজ-২ এর নিম্নমূল্যে অর্থ্যাৎ ৩,৪৪,০০০.০০ টাকার নিম্নে কোন বেসরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজ ঘোষণা করা যাবে না। এজেন্সি কর্তৃক ঘোষিত হজ প্যাকেজ হজ ব্যবস্থাপনা পোর্টাল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়; HAAB ও সংশ্লিষ্ট এজেন্সির নিজস্ব ওয়েবসাইট এ upload করতে হবে। ওয়েবসাইট নিবন্ধন কার্যক্রমে নির্বাচিত ব্যাংকসমূহ সরকার নির্ধারিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন করবে। প্রাক-নিবন্ধনের প্রাথমিকভাবে নির্ধারিত ক্রমিকের মধ্যে যারা নিবন্ধন করবেন না তারা ২০১৯ খ্রিস্টাব্দ সনের হজে গমনে আগ্রহী নন মর্মে পরিগণিত হবেন এবং তার পরিবর্তে প্রয়োজনীয় সংখ্যক পরবর্তী প্রাক-নিবন্ধিত ব্যক্তিকে আহ্বান করা হবে।

(চ) যিনি দুই বা তদূর্ধ্ব বার হজ করেছেন অথবা হজ ভিসা প্রাপ্ত হয়েছিলেন কিন্তু হজে গমন করেননি তাঁদের মধ্যে যারা ২০১৯ সনে পুনরায় হজ করবেন তাদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক আরোপিত ভ্যাটসহ অতিরিক্ত চার্জ সৌদি রিয়াল ২,১০০ (দুই হাজার একশত) সমপরিমাণ ৪৭,২৫০.০০ (সাতচল্লিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকাও একই ব্যাংক একাউন্টে জমা দিতে হবে।

(ছ) হজযাত্রীকে কুরবানী বাবদ ৫২৫ সৌদি রিয়াল সমপরিমাণ ১১,৮১২.০০ টাকা পৃথকভাবে সঙ্গে নিতে হবে।

(জ) জাতীয় হজ ও ওমরাহ নীতি (সংশোধিত) ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৩.১.১৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত ক্রমের বাইরে কারো নিকট হতে হজ প্যাকেজের অর্থ গ্রহণ করা যাবে না।

(ঝ) রাজকীয় সৌদি সরকারের সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অনুযায়ী যদি কোন হজ এজেন্সির ন্যূনতম ১৫০ জনের নিবন্ধন করার জন্য প্রাক-নিবন্ধিত হজে গমনেচ্ছু হাজী না থাকে, জাতীয় হজ ও ওমরাহ নীতি (সংশোধিত) ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৪.৩.২ অনুচ্ছেদ অনুসরণ করে লিড এজেন্সি নির্ধারণ করতে হবে। অত:পর সমঝোতাকারী এজেন্সিকে হজে গমনেচ্ছু প্রাক-নিবন্ধিতদের অনলাইনে লিড এজেন্সির অনুকূলে বিদ্যমান পদ্ধতিতে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন

করতে হবে। স্থানান্তরিত হজযাত্রীদের যাবতীয় দায়-দায়িত্ব লিড এজেন্সি (নিবন্ধনকারী) গ্রহণ করে নিবন্ধন সম্পন্ন করবে। মোনাজ্জেম অবশ্যই লিড এজেন্সির হতে হবে। এজন্য, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মোনাজ্জেম বিষয়ে প্রকাশিত পরিপত্র অনুসরণ করতে হবে।

(ঞ) নিবন্ধন চলাকালীন বিদ্যমান পদ্ধতিতে প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের এজেন্সি স্থানান্তর (Transfer) কার্যক্রম চলমান থাকবে। ২০১৯ খ্রিস্টাব্দ সালে ঘোষিত হজ প্যাকেজের ৩.৩ অনুচ্ছেদ অনুযায়ী কোন হজযাত্রীর লিখিত আবেদনের প্রেক্ষিতে এজেন্সি স্থানান্তর করা হলে হজযাত্রীকে প্রাক-নিবন্ধিত এজেন্সি বরাবর ২০০০.০০ টাকা স্থানান্তর/সার্ভিস চার্জ প্রদান করতে হবে। তবে এজেন্সির কোটা পূরণ, সমন্বয় কিংবা অভিযোগের কারণে এজেন্সি হজযাত্রী প্রেরণের জন্য মনোনীত না হলে সে ক্ষেত্রে হজযাত্রীর সম্মতিক্রমে এজেন্সি স্থানান্তর করা হলে কোন সার্ভিস চার্জ আদায় করা যাবে না।

(ট) বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত ব্যক্তি যদি প্রাক-নিবন্ধন বাতিল করতে চান, তাঁকে ব্যাংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে, প্রাক-নিবন্ধনের জন্য জমাকৃত ৩০,৭৫২.০০ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকার মধ্য হতে ৫০০০.০০ টাকা কর্তন করে অবশিষ্ট ২৫,৭৫২.০০ (পঁচিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ফেরত প্রদান করা হবে।

(ঠ) নিবন্ধনের পর কোন হজযাত্রী কোন কারণে হজে যেতে না পারলে শুধু বিমান ভাড়া এবং খাবারের বাবদ গৃহীত টাকা ফেরৎ প্রদান করা হবে।

(ড) নিবন্ধনের পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ সংক্রান্ত বিষয়ে কোন চার্জ আরোপিত হলে তা যথাসময়ে হজযাত্রীকে অবহিত করা হবে এবং পরবর্তী নির্দেশনানুযায়ী পরিশোধ করতে হবে।

(ঢ) জাতীয় হজ ও ওমরাহ নীতি (সংশোধিত) ১৪৪০ হিজরি/২০১৯ খ্রিস্টাব্দ এর ৪.৪ অনুচ্ছেদ অনুযায়ী প্রত্যেক হজ এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/পরিচালক এবং হজযাত্রী পরস্পর চুক্তি সম্পাদন করবেন। হজযাত্রী চুক্তির মূলকপি সংরক্ষণ করবেন এবং অপর দুই কপি যথাক্রমে সংশ্লিষ্ট হজ এজেন্সি ও হজ অফিস, ঢাকায় সংরক্ষণের জন্য প্রেরণ করতে হবে।

(ণ) হজযাত্রীকে সরাসরি এজেন্সির সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে এজেন্সির সংশ্লিষ্ট ব্যাংক **Account** এর মাধ্যমে আর্থিক লেনদেন করতে হবে।

(ত) হজ এজেন্সিসমূহের তথ্য হালনাগাদ করে (ফরম-২৫ পূরণ করে) নিবন্ধন কার্য সম্পন্ন করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৩/০২/১৯

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
morahajsection@gmail.com

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭.২২৫ তারিখ: ১৩/০২/২০১৯ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব,..............................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব,..............................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৬. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস,গুলশান, ঢাকা।
৭. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

১২. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩. মহাপরিচালক, এন.এস.আই, ঢাকা।
১৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন (a2i), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ: আ: প্রধান সমন্বয়ক, ইউনিয়ন ডিজিটাল সেন্টার)।
১৮. অতিরিক্ত সচিব (আইন/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
২০. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
২১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২২. যুগ্মসচিব (সকল)................................ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন, সচিবালয় লিঙ্করোড, ঢাকা।
২৪. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
২৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
২৬. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,......................................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
২৭. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
২৮. জেলা প্রশাসক (সকল).............................................................................................................।
২৯. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
৩০. পুলিশ সুপার (সকল).............................................................................................................।
৩১. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩২. সিভিল সার্জন (সকল).............................................................................................................।
৩৩. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।
৩৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৬. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩৭. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩৮. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ হজ প্যাকেজটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)............................................................................................ ।
৪০. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)...........................................................................।
৪১. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)........................................................................... ।
৪২. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব।
৪৩. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো) ।
৪৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৪৫. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, জনাব----------------------------------------------------------------------------।
৪৬. অফিস কপি/মাস্টার ফাইল।

১৮/০২/১৯

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব